**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 29–06–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) ন্যাশনাল মেডিক্যাল কমিশন আগরতলা সরকারী মেডিক্যাল কলেজে এম বি বিএস কোর্সে আসন সংখ্যা বৃদ্ধির অনুমোদন দিয়েছে ।**

**(২) প্রধানমন্ত্রী হিসেবে নরেন্দ্র মোদি তৃতীয়বার দায়িত্ব নেবার পর আগামীকাল তার প্রথম মন-কি-বাত অনুষ্ঠান।**

**(৩) ন্যাশনাল টেস্টিং এজেন্সি বা NTA সম্প্রতি স্থগিত হওয়া পরীক্ষার নতুন সময়সূচী ঘোষণা করেছে ।**

**(৪) রাজ্যভিত্তিক খোখো প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে ।**

****************************************

**Medical seats C.M :**

ন্যাশনাল মেডিক্যাল কমিশন আগরতলা সরকারী মেডিক্যাল কলেজে এম বি বিএস কোর্সে আসন সংখ্যা বৃদ্ধির অনুমোদন দিয়েছে। এরফলে আসন সংখ্যা ১০০ থেকে বেড়ে দাঁড়ালো ১৫০। মুখ্যমন্ত্রীর অধ্যাপক ডা: মানিক সাহা আজ এখবর জানিয়েছেন।

তিনি বলেন, মেডিক্যাল আসন সংখ্যা বৃদ্ধির এই সিদ্ধান্তে, ভবিষ্যতে রাজ্যে স্বাস্থ্য পরিসেবার সুযোগ আরও বাড়বে।

এদিকে, রাজ্যের মেডিক্যাল শিক্ষা অধিকর্তা ডাঃ এইচ পি শর্মা আকাশবাণীর প্রতিনিধিকে জানিয়েছেন, চলতি শিক্ষা বর্ষ থেকেই এজিএমসি-তে এই ১৫০ আসনে ভর্তি প্রক্রিয়া ও ক্লাস শুরু করা হবে। তিনি বলেন, ন্যাশানাল মেডিক্যাল কমিশনের নিয়ম অনুযায়ী আগরতলা সরকারী মেডিক্যাল কলেজে ছাত্র ভর্তিতে ১৫ শতাংশ আসন সর্ব ভারতীয় ক্ষেত্রের ছাত্র ছাত্রীদের জন্য, বাকী ৮৫ শতাংশ আসন ত্রিপুরার জন্য বরাদ্দ থাকবে। এর মধ্যে ১০ শতাংশ আসন উত্তর পূর্বাঞ্চলের চার রাজ্য অরুনাচল প্রদেশ, নাগাল্যান্ড, মেঘালয় ও মিজোরামের ছাত্রছাত্রীদের জন্য বরাদ্দ থাকবে।

************************

**Newly Enacted Laws :**

ভারতীয় ন্যায় সংহিতা-২০২৩, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা-২০২৩, ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম-২০২৩ নামে তিনটি নতুন আইন আগামী পয়লা জুলাই থেকে সারা দেশে কার্যকরী হবে। নতুন এই আইনের লক্ষ্য হচ্ছে দেশের ফৌজদারি বিচার ব্যবস্থার আধুনিকীকরণ, বিচার প্রক্রিয়াকে ত্বরান্বিত করা এবং ক্ষতিগ্রস্তদের সুরক্ষা নিশ্চিত করা। স্বরাষ্ট্র সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী আজ সচিবালয়ের সাংবাদিক সম্মেলনে এ সংবাদ জানান। তিনি বলেন, নতুন আইনে নারী শিশু সহ সর্বস্তরের জনগণের বিরুদ্ধে সংগঠিত অপরাধ দূরীকরণকে অগ্রাধিকার দিয়ে ফৌজদারি বিচারের সংস্কার সাধন করা হয়েছে। ভারতীয় ন্যায় সংহিতা,

ভারতীয় দন্ডবিধি - ১৮৬০কে প্রতিস্থাপিত করেছে। ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা, ফৌজদারি কার্যবিধি-১৯৭৩ এর প্রতিস্থাপন করে এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম, ভারতীয় সাক্ষ্য আইন-১৮৭২ এর পরিবর্তে প্রতিস্থাপিত হচ্ছে।

সাংবাদিক সম্মেলনে নতুন ফৌজদারি আইনের প্রধান বিষয় সমূহ তুলে ধরে স্বরাষ্ট সচিব জানান, নতুন আইনের ১৭৩ ধারা মূলে একজন নাগরিক নির্ধারিত থানা এলাকার বাইরেও যে কোন স্থান থেকে এফআইআর দায়ের করতে পারবেন। নতুন এই আইনে নাগরিকদের ই-এফআইআর করার সংস্থান রয়েছে। ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা-(বিএনএসএস) এর ৫৩০ ধারা অনুসারে সমস্ত ট্রায়াল, অনুসন্ধান এবং কার্যধারা ইলেকট্রনিক মুডে করার অনুমোদন রয়েছে। নতুন আইনে দূরবর্তী সাক্ষ্য প্রমাণের ক্ষেত্রে ইলেকট্রনিক উপস্থাপনাকে অনুমোদন দেওয়া হয়েছে।

স্বরাষ্ট্র সচিব আরও জানান, ছোট ছোট অপরাধের ক্ষেত্রে বিশেষ করে যারা শারীরিকভাবে অক্ষম বা প্রবীণ নাগরিকদের ক্ষেত্রে গ্রেপ্তার থেকে রক্ষা পাওয়ার সংস্থান রয়েছে এই নতুন আইনে। মামলা নথিভুক্ত হওয়ার ৯০ দিনের মধ্যে তদন্তের অগ্রগতি সম্পর্কে ক্ষতিগ্রস্ত মামলাকারীকে জানাতে হবে। চার্জশিট দেওয়ার ৬০ দিনের মধ্যে বিচার প্রক্রিয়া, ট্রায়াল শুরু করা ইত্যাদি নিশ্চিত করার বিধান নতুন আইনে রয়েছে। বিচারের শুনানী শেষে ৪৫ দিনের মধ্যে রায় ঘোষণা করতে হবে। রায়ের অনুলিপি সাত দিনের মধ্যে অনলাইনে আপলোড করতে হবে। বিএনএসএস-এর ৬৫ (২) ধারা মূলে ১২ বছরের কম বয়সী মেয়েদের ধর্ষণ অপরাধের দোষীদের মৃত্যুদন্ডের বিধান চালু করা হয়েছে।

সাংবাদিক সম্মেলনে স্বরাষ্ট্র সচিব আরও জানান, আগামী পয়লা জুলাই রাজ্যের ৮৮টি থানায় এই ৩টি নতুন আইন সম্পর্কে জনসাধারণকে সচেতন করতে অনুষ্ঠানের আয়োজন করা হবে। সাংবাদিকের এক প্রশ্নের উত্তরে আইন সচিব সঞ্জয় ভট্টাচার্য জানান, পুরোনো মামলাগুলি পুরোনো আইন মোতাবেক চলবে।

*******************************

**Protest against 3 law :**

নতুন তিন ফৌজদারি আইন প্রত্যাহার করার দাবিতে আজ আগরতলা আদালত চত্বরে বিক্ষোভ প্রদর্শন করেছে সারা ভারত গণতান্ত্রিক আইনজীবি ইউনিয়ন। সংগঠনের রাজ্য সভাপতি হরিবল দেবনাথ অভিযোগ করেন, নতুন এই ৩টি আইনে সরকারের বিরুদ্ধে সমালোচনা করলে দেশদ্রোহিতার মামলা নেওয়া হতে পারে। এই আইনটি প্রত্যাহারের দাবিতে আজ সারা দেশে এই আইনজীবি সংগঠন বিক্ষোভ প্রদর্শন করেছে।

*************************

**Election-Unakoti :**

আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে ঊনকোটি জেলাতে প্রশাসনিক প্রস্তুতিপর্ব চলছে। আমাদের ঊনকোটি জেলার সংবাদদাতা অনুপম ভট্টাচার্য জানিয়েছেন, রাজ্য নির্বাচন কমিশনের সচিব অসিত কুমার দাস আজ আসন্ন পঞ্চায়েত নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে কৈলাশহর মহকুমার চন্ডীপুর ব্লক পরিদর্শন করেন। ব্লকের প্রস্তাবিত স্ট্রং রুম, ডেসপ্যাচ সেন্টার ও গননাকেন্দ্র ঘুরে ঘুরে দেখেন। পরিদর্শনকালে তাঁর সাথে ছিলেন, জেলা পঞ্চায়েত আধিকারিক ডেভিড হালাম,

চণ্ডীপুরের B.D.O প্রসেনজিৎ মালাকার প্রমুখ। রাজ্য নির্বাচন কমিশনের সচিব আজ কৈলাশহর মহকুমার অন্তর্গত গৌরনগর ব্লক ও পরিদর্শন করেছেন। উল্লেখ্য যে, আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনে ঊনকোটি জেলাতে মোট ভোটার রয়েছেন, ১ লক্ষ ২৮ হাজার ৭৩৭ জন। জেলায় পোলিং বুথের সংখ্যা ২৩৪টি।

********************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী হিসেবে নরেন্দ্র মোদি তৃতীয়বার দায়িত্ব নেবার পর আগামীকাল তার প্রথম মন-কি-বাত অনুষ্ঠান। মন-কি-বাত এর এই ১১১তম পর্ব আগামীকাল সকাল ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেলে এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইটে এবং ইউটিউব চ্যানেলে সম্প্রচার করা হবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর বাংলা ও ককবরক ভাষার অনুবাদ শোনা যাবে। আঞ্চলিক ভাষার অনুষ্ঠানগুলি রাত ৮টায় পুন: প্রচারিত হবে।

******************************

**Kejriwal :**

আবগারী নীতি বিষয়ে দুর্নীতির দায়ে দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালকে ১৪ দিনের বিচার বিভাগীয় হেফাজতে রাখার নির্দেশ দিল সিটি কোর্ট। এর আগে গত ২৬শে জুন মুখ্যমন্ত্রী কেজরিওয়ালকে জিজ্ঞাসাবাদের জন্য ৩দিনের সিবিআই হেফাজতে পাঠানো হয়েছিল।

*************************

**Amarnath Yatra :**

এবছরের অমরনাথ যাত্রা আজ থেকে শুরু হয়েছে। আজ ভোরে শৈবতীর্থ অমরনাথের উদ্দেশে রওনা দিয়েছে তীর্থযাত্রীদের প্রথম দল। কঠোর নিরাপত্তায় পুণ্যার্থীদের দলগুলি পহেলগাঁও ও বালতাল – দু'টি রুটেই পবিত্র গুহার উদ্দেশে যাত্রা শুরু করেছে। এ বছর ৫২ দিন ধরে পুণ্যার্থীরা অমরনাথ দর্শন করতে পারবেন।

*********************************

**C.M Kharchi Festival :**

আগামী ১৪ই জুলাই থেকে শুরু হবে রাজ্যের ঐতিহ্য মন্ডিত খার্চি উৎসব। মুখ্যমন্ত্রীর সচিবালয় থেকে জানানো হয়েছে, খার্চি পূজা ১৪ই জুলাই রবিবার সাপ্তাহিক ছুটি হওয়ায়, রাজ্যের অগনিত পূন্যার্থীদের কথা বিবেচনা রেখে উৎসবের শেষ দিন অর্থাৎ আগামী ২০শে জুলাই শনিবার সরকারী ছুটি ঘোষণা করা হয়েছে।

*********************************

**Statistics Day :**

পরিসংখ্যানের জনক অধ্যাপক প্রশান্ত চন্দ্র মহলানবীশের জন্মজয়ন্তী উপলক্ষ্যে আজ আগরতলায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে পরিসংখ্যান দিবস উদযাপন করা হয়। উদ্বোধন করেন পরিসংখ্যান দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা। তিনি বলেন, তথ্য সংগ্রহ ও সম্বলিত করার ক্ষেত্রে অর্থ ও পরিসংখ্যান দপ্তরের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এবছর পরিসংখ্যান দিবসের মূল ভাবনা হল 'ইউজ অব ডাটা ফর ডিসিশন মেকিং'।

পরিসংখ্যান দিবস উদযাপন উপলক্ষে আজ এক রক্তদান শিবিরেরও আয়োজন করা হয়। শিবিরে মোট ৩৪ জন আধিকারিক ও কর্মচারি স্বেচ্ছায় রক্তদান করেন।

****************************

**NTA-Exam :**

ন্যাশনাল টেস্টিং এজেন্সি বা NTA সম্প্রতি স্থগিত হওয়া পরীক্ষার নতুন সময়সূচী ঘোষণা করেছে। গতকাল এক বিজ্ঞপ্তি জারি করে NTA জানিয়েছে, UGC-NET জুন ২০২৪ পরীক্ষা আগামী ২১শে আগস্ট থেকে চৌঠা সেপ্টেম্বরের মধ্যে সম্পন্ন হবে। বিশেষ পরিবর্তন আনা হয়েছে ধরনেও, এর আগে পরীক্ষার্থীদের OMR Sheet-এ পরীক্ষা দিতে হত। NTA জানিয়েছে এবার পরীক্ষা হবে কম্পিউটারে অর্থাৎ কম্পিউটার বেইসড টেস্ট বা CBT. বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন – জাতীয় যোগ্যতা পরীক্ষা এ মাসের ১৮ তারিখে অনুষ্ঠিত হওয়ার পর দিন তা বাতিল ঘোষণা করা হয়েছিল। জয়েন্ট CSIR-UGC-NET জুন ২০২৪ পরীক্ষা সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে স্থগিত করা হয়েছিল। তা আগামী ২৫ থেকে ২৭শে জুলাইয়ের মধ্যে সম্পন্ন করা হবে। চার বছরের ইন্টিগ্রেটেড টিচার এডুকেশন প্রোগ্রামে ভর্তির জন্য প্রবেশিকা পরীক্ষা NCET, যা স্থগিত করা হয়েছিল-সেই পরীক্ষাটি আগামী ১০ই জুলাই অনুষ্ঠিত হবে। অল ইন্ডিয়া আয়ুষ পোস্ট গ্র্যাজুয়েট এন্ট্রান্স টেস্ট-২০২৪ আগামী মাসের ৬ তারিখে নির্দির্স্থ সময়সূচি অনুযায়ী নেওয়া হবে।

*******************************

**NEET-CBI :**

নিট পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় অভিযুক্তদের গ্রেপ্তারের জন্য সি.বি.আই দেশের বিভিন্ন স্থানে অভিযান অব্যাহত রেখেছে। আজ গুজরাটে অভিযান চালিয়ে সি.বি.আই ৫ জনকে গ্রেপ্তার করেছে।

*********************************

**Seminar Social Welfare :**

সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ আগরতলার প্রজ্ঞা ভবনে মাতাপিতা ও প্রবীন নাগরিকদের ভরণ পোষন, রক্ষণাবেক্ষণ ও তাদের কল্যান সংক্রান্ত বিষয়ে একদিনের এক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারের উদ্বোধন করে সমাজ কল্যান ও সমাজ শিক্ষামন্ত্রী টিংকু রায়। অনুষ্ঠানে তিনি বলেন, এই সমাজের কিছু কিছু সন্তানদের কারণে বৃদ্ধাশ্রম একটি সামাজিক ব্যাধি হয়ে দাঁড়িয়েছে। যার চরম শিকার হচ্ছেন বয়স্ক মা বাবা। নিজের জীবনের সমস্ত কিছু ত্যাগ করে তারা ছেলে মেয়েদের বড় করে তোলেন, কিন্তু শেষ জীবনে সন্তানকে অবলম্বন করে বাঁচার চেষ্টা করা বয়স্ক মানুষ গুলোর ঠিকানা হয় বৃদ্ধাশ্রম। মন্ত্রী শ্রী রায় বলেন, সরকার বাধ্য হয়ে বৃদ্ধাশ্রম তৈরি করছে, কিন্তু এটাই সমস্যার সমাধান নয়। যখন সমাজে একটাও বৃদ্ধাশ্রম থাকবেনা তখনই এই ধরণের সেমিনারের আয়োজন সফল হবে।

********************************

**Lay foundation stone-chandrapur :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ মাতাবাড়ি বিধানসভা কেন্দ্রের চন্দ্রপুর জে.বি স্কুল এলাকায় একটি অত্যাধুনিক কমিউনিটি হলের

ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। উপস্থিত ছিলেন বিধায়ক অভিষেক দেবরায়। এই কমুনিটি হলটি নির্মানে ব্যয় হবে প্রায় তিন কোটি টাকা।

*******************************

**Training-Bamboo Ornaments :**

কেন্দ্রীয় সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের সিড ডিভিশনের আর্থিক সহায়তায়, এন.বি ইনস্টিটিউট ফর রুরাল টেকনোলজি, অর্কনীড়ের উদ্যোগে আজ সিপাহীজলা জেলার দক্ষিণ চড়িলাম গ্রাম পঞ্চায়েতের জনকল্যান ভিউ'তে সম্পন্ন হয়েছে বাঁশবেতের অলংকার ও আসবাব তৈরির ওপর ১০ দিনের বিশেষ প্রশিক্ষণ। শিবিরে অংশগ্রহন করেন চড়িলাম ব্লক এলাকার বিভিন্ন স্ব-সহায়ক দলের বাঁশবেত শিল্পের সাথে যুক্ত ২২ জন প্রশিক্ষণার্থী। প্রশিক্ষন প্রদান করেন বিশ্বভারতী বিশ্ব বিদ্যালয়ের মাস্টার ট্রেইনার স্বপন কর্মকার।

*******************************

**HIV-AIDS-Sabroom College :**

সাব্রুমের মাইকেল মধুসূদন দত্ত কলেজের রেড রিবন ক্লাব ও জাতীয় স্বেচ্ছা সেবা প্রকল্পের উদ্যোগে ত্রিপুরা এইডস্ কন্ট্রোল সোসাইটি ও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সহায়তায় আজ সাব্রুমে কলেজ ক্যাম্পাসে এইচআইভি-এইডস্ ও মাদকের বিরুদ্ধে এক সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সাব্রুম মহকুমা পুলিশ আধিকারিক নিত্যানন্দ সরকার, সাব্রুম মহকুমা হাসপাতালের চিকিৎসক ডা. সৌমিক হাজরা, কলেজে অধ্যক্ষ ড.অনুপম গুহ প্রমুখ সভায় বক্তব্য রাখেন।

*******************************

**AMC-Quiz :**

আগরতলা পুর নিগমের ৩৯নং ওয়ার্ডের উদ্যোগে আজ ওয়ার্ড অফিসে শহরাঞ্চলের বাইশটি স্কুলে ছাত্রছাত্রীদের নিয়ে একটি ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার।

*******************************

**TRLM-South :**

বিলোনিয়া সার্কিট হাউসে আজ ত্রিপুরা গ্রামীন আজীবিকা মিশনের দক্ষিণ জেলাভিত্তিক চলতি অর্থবছরের জেলা পর্যায়ের বার্ষিক কর্ম পরিকল্পনা নিয়ে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় দক্ষিণ জেলার জেলা শাসক ডা: সিদ্ধার্থ শিব জয়সওয়াল, অতিরিক্ত জেলা শাসক সুব্রত রিয়াং, জেলার ৮টি ব্লকের বিডিও ও টিআরএলএম-র জেলা, ব্লক ও ক্লাস্টার সংযোজকরা উপস্থিত ছিলেন।

**************************

**State wise Khokho :**

রাজ্যভিত্তিক খোখো প্রতিযোগিতার আজ আনুষ্ঠানিক উদ্বোধন হলো। রাজধানীর রামঠাকুর বয়েজ স্কুল মাঠে বিকেলে আসরে উদ্বোধন করেন ক্রীড়ামন্ত্রী টিংকু রায়। আসরে সিনিয়র বিভাগে ২৬টি দল এবং সাব জুনিয়র বিভাগের ১৬টি দল অংশ নিয়েছে।

********************************

**Third Division League :**

ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার খেলায় আজ আনন্দ ভবন জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় আনন্দ ভবন ১-০ গোলে ইউনাইটেড বি এস টিকে হারিয়ে দেয়। একই মাঠে সবুজ সংঘ ও আমরা কজনার মধ্যে অপর খেলাটি ৪-৪ গোলে ড্র হয়।

**********************************

**Women's Football :**

মহিলাদের ঘরোয়া ফুটবল লিগের আজকের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকালে অনুষ্ঠিত খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল ২-২ গোলে বিশ্রামগঞ্জ প্লে সেন্টারের সাথে শেষ করে। ফলে উভয় দল ১ পয়েন্ট করে পায়।

*******************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ত্রিশ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ত্রিশ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ছাব্বিশ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে।

*****************************